# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 25-06-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) দেশজুড়ে আজ পালিত হচ্ছে সংবিধান হত্যা দিবস।

২) SSC-তে অর্থের বিনিময়ে চাকরি পাওয়া ব্যক্তি এবং নিয়োগকারী দু-জনেই সমান অপরাধী বলে তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় মন্তব্য করেছেন।

৩) ওবিসি সংরক্ষণের নতুন তালিকায় হাইকোর্টের দেওয়া স্থগিতাদেশের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে স্পেশাল লিভ পিটিশন দায়ের করেছে রাজ্য সরকার।

৪) জাতীয় সামাজিক সুরক্ষা প্রকল্পের আওতায় প্রবীণ ও বিশেষভাবে সক্ষম উপভোক্তাদের বাড়ি বাড়ি গিয়ে ডিজিটাল লাইফ সার্টিফিকেট তুলে দেওয়া হচ্ছে।

৫) নদীয়ার কালিগঞ্জে বোমাবাজিতে নিহত শিশুর মৃত্যুর তদন্তে পৌঁছেছে ফরেন্সিক দল।

৬) নিম্নচাপের প্রভাবে আগামী তিনদিন দক্ষিণবঙ্গের বেশকিছু জেলায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা।

oooooooooooooooooooooo

দেশজুড়ে আজ পালিত হচ্ছে 'সংবিধান হত্যা দিবস'। ভারতে শেষ জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছিল ১৯৭৫ সালের ২৫ শে জুন থেকে ১৯৭৭ এর ২১শে মার্চ পর্যন্ত।

কেন্দ্রীয় সরকার ২৫ শে জুন দিনটিকে 'সংবিধান হত্যা দিবস' হিসেবে পালন করার সিদ্ধান্ত নিয়েছে। এই উপলক্ষ্যে, একটি সোশ্যাল মিডিয়া পোস্টে, প্রধানমন্ত্রী বলেছেন, আজ দেশ ভারতের গণতান্ত্রিক ইতিহাসের অন্যতম অন্ধকার অধ্যায়ের পঞ্চাশ বছর পূর্ণ করছে। তিনি বলেছেন, এই দিনে ভারতীয় সংবিধানে অন্তর্ভুক্ত মূল্যবোধগুলিকে বিলুপ্ত করা হয়েছিল, মৌলিক অধিকার অবদমিত করা হয়েছিল, সংবাদপত্রের স্বাধীনতা হরণ করা হয়েছিল এবং বেশ কয়েকজন রাজনৈতিক নেতা, সমাজকর্মী, ছাত্র এবং নাগরিককে জেলে পাঠানো হয়েছিল।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এরাজ্যে শাসক দল গণতন্ত্রকে হত্যা করছে বলে অভিযোগ করেছেন বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আজ ইজেডসিসি-তে বিজেপি যুব মোর্চার কর্মসূচিতে যোগ দিয়ে তিনি একথা বলেন।

(বাইট- শুভেন্দু)

রাজ্যে জরুরী অবস্থার পরিস্থিতি চলছে বলে বিজেপি অভিযোগ করেছে। দক্ষিণ দিনাজপুরে আজ এক সাংবাদিক বৈঠকে রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার বলেন,জরুরী অবস্থার বিরুদ্ধে দেশের মানুষ নির্বাচনে ইন্দিরা গান্ধীকে যেভাবে পরাজিত করেছিলেন, বাংলার মানুষও মমতা ব্যানার্জীকে হারিয়ে একই বার্তা দেবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

স্কুল সার্ভিস কমিশনে অর্থের বিনিময়ে চাকরি পাওয়া ব্যক্তি এবং নিয়োগকারী দু-জনেই সমান অপরাধী বলে ডায়মন্ড হারবারের তৃণমূল কংগ্রেস সাংসদ তথা সাধারণ

সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় মন্তব্য করেছেন। আজ সাতগাছিয়ায় সাংসদ তহবিলের কাজের খতিয়ান তুলে ধরতে নিঃশব্দ বিপ্লব নামে একটি কর্মসূচীতে অংশ নিয়ে একথা বলেন তিনি।

(বাইট – অভিষেক)

২০২৬-এর বিধানসভা নির্বাচনে বিজেপি রাজ্যে আগের থেকেও কম আসন পাবে বলে দাবি করেন তিনি।

oooooooooooooooooooooo

SSC নিয়োগে যোগ্যদের তালিকা প্রকাশ সহ তিন দফা দাবিতে আজ দক্ষিণ কলকাতার কসবায় বিক্ষোভ দেখিয়েছে SUCI –এর ছাত্র সংগঠন DSO। পুলিশের সঙ্গে কর্মী সমর্থকদের ধস্তাধস্তিও হয়। একই দাবিতে এদিন সল্টলেকে স্কুল সার্ভিস কমিশনের অফিসের সামনে থালা, বাটি হাতে বিক্ষোভে সামিল হয়েছেন, গ্রুপ-সি ও গ্রুপ–ডি অধিকার মঞ্চের সদস্যরা।

এদিকে, শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর সঙ্গে দেখা  করতে চেয়ে চিঠি দিয়েছে যোগ্য শিক্ষক – শিক্ষিকা অধিকার মঞ্চ। সুপ্রিম কোর্টের রিভিউ পিটিশনের ফলাফল না হওয়া পর্যন্ত নিয়োগের ফর্মফিলাপ স্থগিত রাখার দাবি জানিয়েছেন চাকরিহারা শিক্ষকরা।

oooooooooooooooooooooo

গোর্খা আঞ্চলিক প্রশাসন জিটিএ এলাকায় শিক্ষক নিয়োগে অনিয়মের মামলায় বেআইনীভাবে নিযুক্ত বলে চিহ্নিত শিক্ষকদের হলফনামা তলব করেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি বিশ্বজিত্ বসুর বেঞ্চে আজ এর শুনানি হয়। রাজ্য সরকার আগেই ৩১৩ জনের নিয়োগে নিয়ম মানা হয়নি বলে আদালতে জানিয়েছে। এর প্রেক্ষিতেই বিচারপতি বসু চাকরীরতদের আইনজীবীদের হলফনামা দিয়ে নিজেদের বক্তব্য জানাতে নির্দেশ দিয়েছেন। আগামী বুধবার ফের শুনানি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ওবিসি সংরক্ষণের নতুন তালিকায় হাইকোর্টের দেওয়া স্থগিতাদেশের বিরুদ্ধে সুপ্রিমকোর্টে স্পেশাল লিভ পিটিশন দায়ের করেছে রাজ্য সরকার। হাইকোর্টের এই স্থগিতাদেশ বহাল থাকলে, কলেজে ভর্তি এবং এস এস সি র ২০১৬ র নিয়োগ প্রক্রিয়া থমকে যাবে বলে রাজ্যের পক্ষ থেকে আবেদন জানানো হয়েছে। একই সঙ্গে এই অন্তর্বর্তীকালীন স্থগিতাদেশ খারিজ করারও আবেদন করা হয়।

উল্লেখ্য গত ১৭ জুন বিচারপতি তপব্রত চক্রবর্তী ও বিচারপতি রাজা শেখর মান্থার ডিভিশন বেঞ্চ অন্তর্বর্তী নির্দেশ জারি করে রাজ্যের তৈরি করা ওবিসি সংরক্ষণের নতুন তালিকার উপর ৩১ জুলাই পর্যন্ত  স্থগিতাদেশ জারি করে।

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রাক্তন মুখ্যমন্ত্রী ও খ্যাতনামা চিকিৎসক ডাঃ বিধানচন্দ্র রায়-এর জন্মদিন উপলক্ষে প্রতি বছরের মতো এবারও ১লা জুলাই চিকিৎসক দিবস হিসেবে পালন করা হবে। সেই উপলক্ষে মঙ্গলবার, ১লা জুলাই রাজ্য সরকারের অধীনস্থ সমস্ত দফতরে অর্ধদিবস ছুটি ঘোষণা করা হয়েছে। রাজ্যের অর্থ দফতরের জারি করা বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এ দিন দুপুর ২টার পর সমস্ত সরকারি দফতর বন্ধ থাকবে। তবে এই ছুটি রেজিস্ট্রার অফ অ্যাসিউরেন্স, কলকাতা এবং কালেক্টর অফ স্ট্যাম্প রেভিনিউ, কলকাতা অফিসের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

০০০০০০০০০০০০০০০০০০০০০

জাতীয় সামাজিক সুরক্ষা প্রকল্পের আওতায় প্রবীণ ও বিশেষভাবে সক্ষম উপভোক্তাদের সুবিধার্থে তাদের বাড়ি বাড়ি গিয়ে ডিজিটাল লাইফ সার্টিফিকেট তুলে দেওয়া হচ্ছে। এই প্রথমবার রাজ্যের পঞ্চায়েত দফতর এমন উদ্যোগ নিয়েছে। যার ফলে তাঁদের আর লাইফ সার্টিফিকেট জোগাড় করতে ব্লকে ছোটাছুটি করতে হবে না। রাজ্যে এই সব  প্রকল্পের প্রায় ১৬ লক্ষ উপভোক্তা রয়েছেন । এর মধ্যে ১১ লক্ষ বার্ধক্যভাতা, ৫ লক্ষ বিধবাভাতা এবং প্রায় ৪৫ হাজার

বিশেষভাবে সক্ষম ভাতা প্রাপক। তাঁদের প্রত্যেককেই বাড়ি গিয়ে ডিজিট্যাল সংশাপত্র দেওয়া হবে বলে পঞ্চায়েত দফতরের তরফে জানানো হয়েছে। ৩০ আগস্টের মধ্যে লক্ষ্যমাত্রা পূরণের চেষ্টা চলছে।

০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কালিগঞ্জে বোমাবাজিতে বছর দশেকের তামান্না খাতুনের মৃত্যুর তদন্তে আজ কালিগঞ্জের মোরান্দিতে যান ফরেন্সিকের একটি দল। তিন সদস্য অকুস্থল ঘুরে দেখে নমুনা সংগ্রহ করেছেন বলে জানা গেছে।

এদিকে, প্রাক্তন পুলিশ কর্তা তথা তৃণমূল কংগ্রেস বিধায়ক হুমায়ুন কবীর আজ তামান্নার বাড়িতে যান। হুমায়ুন বালিকাটির মা-এর হাতে টাকা তুলে দিতে গেলে তা প্রত্যাখান করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০

অপরিকল্পিতভাবে নগরায়নের কারণে শহর কলকাতায় সম্প্রতি একাধিক অগ্নিকান্ড বলে মেয়র তথা পুর ও নগরোন্নয়নমন্ত্রী ফিরহাদ হাকিম মন্তব্য করেছেন। আজ পুরসভায় সাংবাদিকদের কাছে তিনি বলেন, বেশকিছু বাজারে ঢোকার রাস্তা অত্যন্ত সংকীর্ণ হওয়ায় আগুন নেভাতে গিয়ে দমকলকে সমস্যায় পড়তে হয়েছে। বাজারগুলিতে অগ্নি নির্বাপন ব্যবস্থা খতিয়ে দেখে অডিট রিপোর্ট দেওয়ার জন্য তিনি দমকল বিভাগকে প্রয়োজনীয় নির্দেশ দিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বাঁকুড়ার বিষ্ণুপুরে দ্বারকেশ্বর নদে তলিয়ে যাওয়া তিন ছাত্রের দেহ-ই আজ উদ্ধার হয়েছে। সকালে প্রকাশ ঘাট এলাকা থেকে পরমেশ্বর মিশ্র এবং অর্কদীপ দাস-এর দেহ উদ্ধার হয়। আজ বিকেলে সায়ন চ্যাটার্জী নামে নবম শ্রেণীর আর এক ছাত্রের দেহ উদ্ধার হয় পানারডাঙা এলাকা থেকে। গতকাল ওই তিনজন স্কুল পালিয়ে দ্বারকেশ্বর নদে ছবি তুলতে গিয়ে তলিয়ে যায়। দীর্ঘক্ষণ তল্লাশি চালিয়েও তাদের

উদ্ধার করা যায়নি। মোতায়েন করা হয় ডুবুরি এবং রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনীর সদস্যদের। এই ঘটনায় শোকের ছায়া গোটা এলাকায়।

বিদ্যালয়ের নিয়ন্ত্রণ এবং নজরদারির অভাবে এই ধরনের ঘটনা ঘটলো কিনা, সে প্রশ্ন তুলেছেন অনেকেই।

oooooooooooooooooooo

দক্ষিণ কলকাতার যোধপুর পার্ক এলাকায় একটি বহুতলের তিন তলার ওপর থেকে ঝাঁপ দিয়ে এক কলেজ ছাত্রী আত্মঘাতী হয়েছে বলে জানা গেছে। সায়নী খাতুন নামে ঐ তরুণী বর্ধমানের বাসিন্দা। লেক থানা এলাকায় সে দিদির কাছে থাকতো। বেশ কিছু দিন ধরে মানসিকভাবে অসুস্থ ছিল সায়নী।

oooooooooooooooooooo

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এবং সংলগ্ন উত্তর ওড়িশা ও পশ্চিমবঙ্গের উপকূলীয় এলাকায় বায়ু স্তরের উপরিভাগে একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে। আগামী ২৪ ঘন্টায় একটি নিম্নচাপ এলাকা তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। এর ফলে আগামী তিন দিন দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এদিকে, দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় আগামী ২৭ থেকে ৩০ তারিখ পর্যন্ত দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই মাঝারি থেকে ভারী বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে।

সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনার প্রেক্ষিতে মৎস্যজীবীদের আজ এবং আগামীকাল পশ্চিমবঙ্গ - ওড়িশা উপকূলে মাছ ধরতে না যাবার পরামর্শ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooo

ইজরায়েল ইরান সংঘাতের প্রেক্ষিতে ভারতীয়দের দেশে ফিরিয়ে আনতে অপারেশন সিন্ধু কর্মসূচি গ্রহণ করেছে সরকার। আজ এই নিয়ে বিশেষ আলোচনা “অপারেশন সিন্ধু” শুনবেন গীতাঞ্জলি ও DTH বাংলা পরিষেবায় রাত সাড়ে ন’টায়। আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগ প্রযোজিত এই আলোচনায় অংশ নিয়েছেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন রেজিস্ট্রার এবং অধ্যাপক রাজাগোপাল ধর চক্রবর্তী। কথা বলেছেন কল্যাণ লাহা।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooo